# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৩৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪১০]

১৭। বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৫. ইহরামধারী ব্যক্তির বিবাহ করা হারাম এবং তার বিবাহের প্রস্তাব দেয়া দূষণীয়

باب تَحْرِيمِ نِكَاحِ الْمُحْرِمِ وَكَرَاهَةِ خِطْبَتِهِ

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَابْنُ، نُمَيْرٍ وَإِسْحَاقُ الْحَنْظَلِيُّ جَمِيعًا عَنِ ابْنِ عُيَيْنَةَ، - قَالَ ابْنُ نُمَيْرٍ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، - عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ أَبِي الشَّعْثَاءِ، أَنَّ ابْنَ، عَبَّاسٍ أَخْبَرَهُ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم تَزَوَّجَ مَيْمُونَةَ وَهُوَ مُحْرِمٌ . زَادَ ابْنُ نُمَيْرٍ فَحَدَّثْتُ بِهِ الزُّهْرِيَّ فَقَالَ أَخْبَرَنِي يَزِيدُ بْنُ الأَصَمِّ أَنَّهُ نَكَحَهَا وَهُوَ حَلاَلٌ .

বাংলা

৩৩৪২-(৪৬/১৪১০) আবূ বকর ইবনু আবূ শায়বাহ, ইবনু নুমায়র ও ইসহাক আল হানযালী (রহিমাহুমুল্লাহ) ... আবূ শা’সা (রহঃ) থেকে বর্ণিত। ইবনু আব্বাস (রাযিঃ) তাকে অবহিত করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুহরিম অবস্থায় (মায়মূনাকে) বিবাহ করেছেন।

ইবনু নুমায়রের বর্ণনায় আরো আছেঃ আমি (ইবনু নুমায়র) যুহরীর নিকট এ হাদীস বর্ণনা করলে তিনি বলেন, আমাকে ইয়াযীদ ইবনুল আসাম অবহিত করেছেন যে, “তিনি ইহরামমুক্ত অবস্থায় তাকে বিবাহ করেছেন।* (ইসলামিক ফাউন্ডেশন ৩৩১৭, ইসলামীক সেন্টার ৩৩১৫)

## English

Ibn Abbas (Allah be pleased with them) reported that Allah's Apostle (ﷺ) married Maimuna in the state of Ihram. Ibn Numair made this addition: " I narrated it to Zuhri and he said: Yazid b. al-Asamm (Allah be pleased with him) told me that he (the Holy Prophet) married her when he was not a muhrim."

ফুটনোট

* আবদুল্লাহ ইবনু আব্বাস (রাযিঃ)-এর বর্ণনার মুকাবিলায় ইয়াযীদ (রাযিঃ) এবং অন্যান্য সাহাবীগণের বর্ণনা এসেছে; এতে উভয় প্রকার বর্ণনায় বৈপরীত্য লক্ষ্য করা যাচ্ছে। ফলে আব্বাস (রাযিঃ)-এর বর্ণনা রহিত হয়েছে। কেননা আব্বাস (রাযিঃ) বর্ণনার বিপরীতে কওলী হাদীসে রয়েছে; আর কওলী হাদীসের উপর আমল করা ওয়াজিব। এ বিষয়ে হানাফীদের অভিমত প্রত্যাখ্যাত হয়েছে (হানাফীদের মতে ইহরাম অবস্থায় বিবাহ করায় কোন দোষ নেই)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবুশ-শা'সা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=50425

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন